

আমার কোন কিছু জানার থাকলে আমি কার সাথে যোগাযোগ করবো?

যেহেতু আপনার দাবী (ক্লেইম) সংক্রান্ত বিস্তারিত বিবরণী ও তথ্যাদি গোপনীয় এবং তা শুধু আপনার সন্তান/সন্তানদের স্কুলে সংরক্ষিত থাকে, সেহেতু ঐ স্কুলেই আপনার দাবী সম্পর্কিত যে কোন অনুসন্ধান করতে হবে।

আমি যে তথ্যগুলো দেই সেগুলোর কি হয়?

সব তথ্যের বিষয়ে কঠোর গোপনীয় বজায় রাখা হয় এবং তা কেবল এবাডীনশ্যায়ার কাউন্সিলে সংরক্ষিত থাকে।

স্কুলের পোশাকের অনুদান

যে সব বাবামা/অভিভাবক এবাডীনশ্যায়ার কাউন্সিল কর্তৃক নির্ধারিত নীতিমালার আওতায় পড়বেন তারা হয়তো স্কুলের পোশাকের জন্যও অনুদান পেতে পারেন। আপনার সন্তান/সন্তানদের স্কুল থেকে আবেদন ফরম ও তথ্যসম্বলিত লিফলেট পাওয়া যাবে।

আপনার যদি এই লিফলেটটি পড়তে কোন অসুবিধা হয় তাহলে আপনার সন্তান/সন্তানদের স্কুলের সাথে যোগাযোগ করবেন

হাঙ্গরি ফর স্কুলেজ

এটি স্কটল্যান্ডের স্কুল মিলের জন্য 'হোল স্কুল এ্যাপ্রোচ'।

অল্প বয়স থেকে স্কটিশ ডায়েট এর উন্নয়নে এটি হলো স্কটিশ এক্সিকিউটিভ এর একটি উদ্যোগ। স্কুলে, টিচিং স্টাফ ও ক্যাটারিং স্টাফগণ যে সব কাজ করছেন তা হলো:

- ক্লাশরুমে ভারসাম্যপূর্ণ খাবার সম্পর্কে তথ্য দেয়া।
- ছপুরের খাবার এমনভাবে দেয়া যাতে বাস্তবে এর প্রতিফলন ঘটে।
- ছপুরে এমন খাবার দেয়া হয় যাতে তা শিশুদের পছন্দসই হয় এবং একই সাথে পুষ্টির দিক থেকেও ভারসাম্যপূর্ণ হয়।

যে সব শিশু বিনামূল্যে স্কুলের খাবার পাওয়ার যোগ্য হবে, এবাডীনশ্যায়ার কাউন্সিল তাদেরকে আবেদন করতে এবং সব সময় খাবার খেতে উৎসাহিত করে।

মাধ্যমিক বিদ্যালয়গুলোতে 'স্মার্ট কার্ড' টেকনোলজি নামে একটি কর্মসূচী চালু হতে যাচ্ছে। ছাত্র/ছাত্রীগণ একটি ফ্রি মিল পাবে এবং তাদের একাউন্ট দৈনিক দুই কোর্স মিলের মূল্যে জমা হবে।

বর্তমানে মেলড্রাম একাডেমী'তে কার্ড সিস্টেম চালু আছে এবং শীঘ্রই পিটারহেড ও পোর্টেলহেন একাডেমী'তে চালু হতে যাচ্ছে।

বিনামূল্যে স্কুলের খাবার পাওয়ার উপায় সম্পর্কে নির্দেশিকা

**A guide on
how to obtain
Free School
Meals**



Aberdeenshire
COUNCIL

Education & Recreation

ফ্রি স্কুল মিল বলতে কি বুঝায়?

ফ্রি স্কুল মিল হলো এবাউনশ্যায়ার কাউন্সিল কর্তৃক বিনামূল্যে দেয় স্কুল লাঞ্চ; যা ঐ সব শিশুদেরকে দেয়া হয় যাদের পরিবার প্রয়োজনীয় শর্তাদি পূরণ করে থাকে।

প্রাথমিক বিদ্যালয়ে: যে সব ছাত্র/ছাত্রী পয়সা দিয়ে খায় তাদের মতো এই সব শিশু/শিশুরাও একই ডিনার টিকেট পাবে, তারপর ছপুরের খাবার সময় এটি দিয়ে অন্যদের মত একই রকমের খাবার থেকে পছন্দ করে খাবে।

মাধ্যমিক বিদ্যালয়ে: শিশু/শিশুরা লাঞ্চ টাইমে স্কুলের ক্যাফেটারিয়ায় ব্যবহারের জন্য দৈনিক ক্রেডিট এ্যালাউন্স পাবে, যা হবে ম্যানুর আইটেমগুলো থেকে বাছাই করে নেয়া দুই-কোর্স মিলের মূল্যের সমান। আপনার সন্তান/সন্তানদের স্কুল থেকে আরো তথ্য পাওয়া যাবে।

আমার সন্তান ফ্রি স্কুল মিল পাওয়ার উপযুক্ত কি?

‘ফ্রি স্কুল মিল’ একটি পরিবারের বেনিফিট এর ধরন/আয়ের সাথে সম্পর্কিত এবং এটি প্রাপ্য হবে:-

- যদি কোন পরিবার ইনকাম সাপোর্ট গ্রহণ করতে থাকে।
- যদি কোন পরিবার ইনকাম বেইজড জব সিকার্স এ্যালাউন্স গ্রহণ করতে থাকে।
- যদি কোন পরিবারে বাবামা ছাত্র/ছাত্রী হন যারা ইনকাম সাপোর্ট প্রাপ্য না হয়ে চাইল্ড ট্যাক্স ক্রেডিট গ্রহণ করেন।

ঘ. বাবামা/যত্নকারী যদি স্বল্প আয়ের হন এবং চাইল্ড ট্যাক্স ক্রেডিট গ্রহণ করেন। (২০০৫/২০০৬ এর জন্য বর্তমান আয়ের সীমা হলো £১৩,৯১০)

ঙ. কোন পরিবার যদি ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট না পেয়ে চাইল্ড ট্যাক্স ক্রেডিট পায় এবং বর্তমান আয়ের সীমায় (থ্রিশোল্ড) অবস্থান করে।

চ. বাবামা যদি ইমিগ্রেশন এন্ড এ্যাসাইলাম বিধি ১৯৯৯ এর আওতায় সাহায্য প্রাপ্ত হন।

যে সব বাবামা চাইল্ড ট্যাক্স ক্রেডিট এবং ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট উভয়টা পাচ্ছেন, তবে তাদের আয় বর্তমান আয়ের সীমার নিচে হলেও তারা ফ্রি স্কুল মিল পাওয়ার যোগ্য হবেন না।

এই সংখ্যাগুলো ইনল্যান্ড রেভিনিউ কর্তৃক পরিবর্তিত হতে পারে তবে ছাপার সময় অবদি এগুলো সঠিক ছিল।

আপনি যদি এই মাপকাঠিগুলোর কোনটি পূরণ করেন তবে আবেদন করা হচ্ছে আপনার অধিকার।

আমি কোথা হতে একটি আবেদন ফরম পেতে পারি?

আবেদন ফরম কেবলমাত্র আপনার সন্তান/সন্তানদের স্কুল থেকে পাওয়া যাবে।

একই পরিবারের ছেলেমেয়েরা যদি আলাদা আলাদা স্কুলে যায় তবে প্রতিটি স্কুলের জন্য আলাদা করে আবেদন ফরম পূরণ ও দাখিল করতে হবে।

আমাকে কি আমার আবেদন ফরমের সাথে অতিরিক্ত তথ্যাদি দাখিল করতে হবে?

পূরণকৃত আবেদন ফরমের সাথে আপনাকে আপনার সন্তান/সন্তানদের স্কুলে আয়ের প্রমাণ অবশ্যই জমা দিতে হবে। এটি হতে পারে নিম্নোক্ত যে কোনটি:-

- আপনার বেনিফিট বুক।
- TC602 ক্রেডিট এ্যাওয়ার্ড নোটিশ - ইনল্যান্ড রেভিনিউ থেকে পাওয়া যায়।
- আপনি যে বেনিফিট পাওয়ার উপযুক্ত সে সম্পর্কে জব সেন্টার প্লাস কর্তৃক দেয় চিঠি।
- আপনি যদি ইনকাম সাপোর্ট বা ইনকাম-বেইজড জব সিকার্স এ্যালাউন্স পান তাহলে আবেদন ফরমে জব সেন্টার প্লাস এর অভ্যুত্তি দান সাপেক্ষ স্ট্যাম্প।

আমি আবেদন ফরম কার কাছে ফেরত পাঠাবো?

আবেদন ফরম অবশ্যই আপনার সন্তান/সন্তানদের স্কুলে ফেরত পাঠাতে হবে।

আমার অবস্থার পরিবর্তন হলে কি করতে হবে?

যে কোন কারণেই হোক না কেন আপনার অবস্থার যদি পরিবর্তন হয় তাহলে আপনাকে অবশ্যই তাৎক্ষণিকভাবে স্কুলকে অবহিত করতে হবে।

আপনি যদি পাওয়ার উপযুক্ত না হয়েও ‘ফ্রি স্কুল মিল’ গ্রহণ করেন, তবে আপনাকে সে অর্থ পরিশোধের জন্য বলা হবে।